

স্মারক নং-চাঁবিপ্রবি/গুচ্ছ ভর্তি/২০২২-২৩/৫৩

তারিখঃ ১১/০৯/২০২৩ ইং

জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০২২ - ২০২৩ শিক্ষাবর্ষে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের ওয়েবসাইট www.admission.cstu.ac.bd-এ আগামী ১১/০৯/২০২৩ তারিখ সকাল ১১:০০ টা হতে ১৩/০৯/২০২৩ তারিখ রাত ১১:৫৯টার মধ্যে অনলাইনে নির্ধারিত ভর্তি ফি প্রদান করে চূড়ান্ত ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। পরবর্তীতে ১২/০৯/২০২৩ হতে ১৪/০৯/২০২৩ তারিখ সকাল ১০:০০টা হতে বিকাল ৪:০০টার মধ্যে বিশ্ববিদ্যালয়ের চাঁদপুরস্থ অস্থায়ী ক্যাম্পাস: হোল্ডিং নং: ০৯৩৭-০২, খলিশাদুলি, ওয়াপদা গেইট, কুমিল্লা রোড, চাঁদপুর সদর, চাঁদপুর-৩৬০০-এ স্ব-স্ব বিভাগে (সিএসই কক্ষ নং-৩০১, আইসিটি কক্ষ নং-২০১ বিবিএ কক্ষ নং-২০৬)-এ সশরীরে উপস্থিত হয়ে নিম্নে উল্লেখিত প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা প্রদান করার জন্য বলা হলো।

বি.দ্র. : নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে ভর্তি বাতিল করা হবে।

অনলাইনে নির্ধারিত ভর্তি ফি প্রদান এবং ভর্তি ফরম ডাউনলোডের ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হলে সরাসরি বিশ্ববিদ্যালয়ের অফিস কক্ষ (রুম নং ৪০৩)-এ ভর্তি ফি প্রদান ও ফরম ডাউনলোড করা যাবে।

বিশেষ শর্তাবলীঃ শিক্ষার্থীদের প্রদত্ত তথ্যাবলীতে কোনো অসংগতি পরিলক্ষিত হলে ভর্তি/প্রার্থিতা বাতিল করা হবে। ফলাফলের যেকোনো ভুলত্রুটি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষ তা সংশোধন/বাতিল করতে পারবেন।

ভর্তি পদ্ধতি সংক্রান্ত বিস্তারিত সকল তথ্য যথাক্রমে www.cstu.ac.bd ও www.admission.cstu.ac.bd -এ পাওয়া যাবে।

হেল্পলাইন:

ফোন: +৮৮০-২-৪১০৯০৭৭১, মোবাইল: ০১৭১৪-৯১০১০২

ই-মেইল: admission@cstu.ac.bd



প্রকৌশলী মেজর মোঃ আবদুল হাই (অবঃ)
রেজিস্ট্রার
চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, চাঁবিপ্রবি।
- ২। পিএস টু ভিসি (সহকারী রেজিস্ট্রার), উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য, চাঁবিপ্রবি।
- ৩। অফিস কপি।